

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd, Website: www.cptu.gov.bd

পত্র নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০২৬.২০-১৩৯

তারিখঃ ১৪/১০/২০২০ খ্রিঃ

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী যথাযথ মর্যাদা ও শ্রদ্ধার সাথে উদযাপন ও স্মরণীয় করে রাখার লক্ষ্যে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) কর্তৃক নিজস্ব ব্র্যান্ডের লুব্রিকেটিং অয়েল বাজারজাতকরণের লক্ষ্যে আমদানির দরপত্র আহ্বান প্রসঙ্গে মতামত।

সূত্রঃ-২৮.০৩.০০০০.০৪১.০১.০০২.২০/ডিএলও-৬৪০; তারিখঃ ২৪/০৯/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা-৩৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-৮৯ এর সংস্থান অনুযায়ী দরপত্র আহ্বানের পুনরাবৃত্তি পরিহারের পাশাপাশি অর্থনৈতিক দৃষ্টিকোণ হতে অপেক্ষাকৃত ভাল মূল্য প্রাপ্তির লক্ষ্যে একটি নির্দিষ্ট মেয়াদে কোন নির্দিষ্ট মূল্যে একই ধরনের পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের জন্য ফ্রেমওয়ার্ক চুক্তি সম্পাদন করা যায়।

০২। সূত্রস্থ পত্রে উল্লিখিত দফা-১ এর বিষয়ে জানানো যাচ্ছে যে, ফ্রেমওয়ার্ক চুক্তির আওতায় পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে ধারা-৩৬ এবং বিধি-৮৯ এর শর্তসমূহ প্রতিপালন করতে হবে।

০৩। সূত্রস্থ পত্রে উল্লিখিত দফা-২ এর বিষয়ে জানানো যাচ্ছে যে, কোন সরবরাহকারীর সঙ্গে প্রথম পর্যায়ে ৩ (তিন) বছরের জন্য সম্পাদিত চুক্তির মেয়াদ পরবর্তীতে অনধিক ৩ বছরের জন্য বৃদ্ধি করা যাবে। তবে সেক্ষেত্রে বিধি-৮৯(৩) এর শর্ত পূরণ করতে হবে। উল্লেখ্য, লুব্রিকেটিং ওয়েল এর বাজার মূল্য স্থিতিশীল অথবা পরিবর্তনশীল কী না এবং দীর্ঘমেয়াদে একজন নির্দিষ্ট সরবরাহকারীর সঙ্গে চুক্তিতে আবদ্ধ হওয়ার বিষয়টি অর্থনৈতিকভাবে লাভজনক কী না ইত্যাদি বিষয় বিবেচনার প্রয়োজন রয়েছে।

চেয়ারম্যান  
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন  
বিএসসি ভবন, সল্টগোলা রোড  
চট্টগ্রাম-৪১০০।

(মোহাম্মদ সালাহ উদ্দিন)  
উপ-পরিচালক  
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০১

**অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
৩. অফিস কপি।